কালের কণ্ঠ

তারিখ 14 NOV 2017
পৃষ্ঠা ৩ কলাম ৭

কর্মশালায় বক্তারা

# কর্ম উপযোগী শিক্ষার অভাবে চাকরি হচ্ছে না

নিজস্ব প্রতিবেদক ▷

'দেশে প্রতিবছরই বিশ্ববিদ্যালয় থেকে পড়াশুনা শেষ করে অসংখ্য তরুণ কর্মসংস্থানের জন্য চাকরির বাজারে আসছে। কিন্তু কর্ম উপযোগী শিক্ষা না থাকায় চাকরি পেতে হোঁচট খাচ্ছে তারা। তবে এ জন্য হতাশ হওয়া যাবে না। এ জন্য প্রয়োজন লক্ষ্য স্থির করে স্বপ্ন পূরণে নিয়মিত চর্চা।'

গতকাল সোমবার রাজধানীর ধানমণ্ডিতে ক্যারিয়ার প্রসপেক্ট : এনার্জি সেক্টর অব বাংলাদেশ' শীর্ষ ক্যারিয়ার নিয়ে এক কর্মশালায় বক্তারা এসব কথা বলেন। বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউআইইউ) এবং বসুন্ধরা এলপি গ্যাস যৌথভাবে এ কর্মশালার আয়োজন করে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বসুন্ধরা এলপি গ্যাসের নির্বাহী পরিচালক ও প্রধান বিক্রয় কর্মকর্তা মীর তারিকুল ইসলাম (রিজভী) এবং কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন নির্বাহী পরিচালক মানব সম্পদ উন্নয়ন বিভাগের প্রধান আতিকুজ্জামান খান।

কর্মশালায় বক্তারা বলেন, 'দেশের অর্থনীতি দ্রুত বাড়াছে। সরকার অবকাঠামো উন্নয়নে জোড় দেওয়ায় কর্মসংস্থান সম্ভাবনাও বাড়ছে। তবে কর্মোপযোগী শিক্ষার অভাবে প্রতিবছর প্রচুর পরিমাণ শিক্ষিত তরুণরা বেকার হচ্ছে।

তাঁরা আরো বলেন, 'দেশের অর্থনীতি স্থিতিশীলতার ফলে দেশি-বিদেশি অনেক বিনিয়োগকারী বিনিয়োগে এগিয়ে আসছে। অনেক বিনিয়োগ করেছে। কিন্তু জ্বালানির আর অবকাঠামোর অভাবে উৎপাদনে যেতে পারছে না। ফলে দেশে জ্বালানি খাতে বিশাল সম্ভাবনা তৈরি হয়েছে। ইতিমধ্যে ১০টিরও বেশি প্রতিষ্ঠান এলপিজি খাতে বিনিয়োগ করেছে আরো ১৫টি প্রতিষ্ঠান এখাতে বিনিয়োগে এগিয়ে আসছে। তবে বসুন্ধরা গ্রুপ বিশেষ করে এলপি গ্যাসের নেতৃত্ব দিচ্ছে।'

কর্মশালায় মূল প্রবন্ধে বলা হয়, দেশের প্রাকৃতিক গ্যাস কমে আসায় জ্বালানি খাতে প্রচুর কর্মসংস্থানের সম্ভাবনা তৈরি হয়েছে। ফলে দেশে লিক্যুয়িড পেট্রোলিয়াম গ্যাস (এলপি গ্যাস) চাহিদা বেড়েছে। ফলে এ খাতে প্রকৌশলী, বিক্রয়, বিপণন, নিরীক্ষাসহ বহুমুখী কাজের সুযোগ তৈরি হয়েছে। তবে এসব কাজে নিজেদের উপযোগী করে তুলতে তরুণদের ইন্টার্নশিপের ওপর জোর দেওয়ার পরামর্শ দেওয়া হয়।